

২০১৫

বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। 'গঙ্গা জউনা মাঝে রে বহই নাই'—

পদটির অর্থ লেখো। অস্তনিহিত গূঢ় তত্ত্বের ব্যাখ্যা করো।

৭+৯

অথবা

কয়েকজন চর্যাপদকর্তার পদ অবলম্বনে চর্যাপদের কাব্যসৌন্দর্যের পরিচয়
দাও।

১৬

২। 'বংশীখণ্ড' শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে কী কী কারণে গুরুত্বপূর্ণ; দৃষ্টান্ত সহযোগে
ব্যাখ্যা করো।

১৬

অথবা

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটিতে চরিত্রচিত্রণে বড়ু চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো।

১৬

৩। ‘চৈতন্যচরিতামৃত-র’ মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে সাধ্য ও সাধনতত্ত্বের আলোচনা করো।

১৮

অথবা

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) :

৯+৯

(ক) গৌড়ীয় বৈষ্ণব তত্ত্ব ;

(খ) রাধাতত্ত্ব ;

(গ) পঞ্চরস।

দ্বিতীয়ার্থ

[মান—৫০]

৪। ‘রূপলাগি আঁখি বুঝে’— পদটি কার রচিত কোন্ পর্যায়ের পদ ? পদটির মর্মার্থ লেখো এবং পদবর্তার কৃতিত্ব আলোচনা করো।

১+১+৬+৮

অথবা

‘মাথুর’ পর্যায়ের পদে বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো।

১৬

৫। মুকুন্দের চণ্ডীমঙ্গলকে উপন্যাসের লক্ষণক্রান্ত বলা যায় কিনা আলোচনা করো।

১৬

অথবা

‘ফুল্লরার বারমাস্যা’ অংশ অবলম্বনে ব্যাধজীবনের চিত্র ও ফুল্লরা চরিত্রটি বর্ণনা করো।

৮+৮

৬। 'পদ্মাবতী' কাব্যটি কোন্ মূলগ্রন্থ থেকে অনূদিত হয়েছে? এই কাব্যে লেখকের সমাজ সচেতনতার কী পরিচয় আছে, তা সংক্ষেপে বিবৃত করো।

২+১৬

অথবা

'পদ্মাবতী' কাব্যে অবলম্বনে পদ্মাবতী চরিত্র চিত্রণে লেখকের সার্থকতা বিচার করো।

১৮